



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 11 Dec. 25

TIME: 7:35 AM

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ২১শে ডিসেম্বর আসাম সফর উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তু বিশ্ব শর্মা গতকাল ডিব্ৰুগড়ে মুখ্যমন্ত্রীর সচিবালয় কক্ষে রাজ্য সরকারের কয়েকজন মন্ত্রী, স্থানীয় বিধায়ক ও উচ্চ পদস্থ আধিকারীদের সঙ্গে একটি প্রস্তুতি সভায় মিলিত হয়েছেন। বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান যে আগামী ২১শে ডিসেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নামরূপে ১২ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত এমোনিয়া ইউরিয়া প্রকল্পের শিলান্যাস করবেন। পরে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা ডিব্ৰুগড় ফুলবাগানের পুরনো সরকারী বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে সাইকেল বিতরণ করেন। মুখ্যমন্ত্রী আরো জানান ---

বাইট

ভারতীয় জনসংযোগ প্রতিষ্ঠান - আই আই এম সি -র উদ্যোগে এবং কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সহযোগিতায় গুয়াহাটীতে

গতকাল থেকে দুদিনব্যাপী আঞ্চলিক কম্যুনিটি রেডিও সেন্টার সম্মেলন শুরু হয়েছে । ভারতে কম্যুনিটি রেডিও পরিষেবার কুড়ি বছর পূর্তী উপলক্ষে আয়োজিত এই সম্মেলনের মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের কম্যুনিটি রেডিও সেন্টারের সঙ্গে জড়িত ব্যক্তি , প্রতিষ্ঠান ,গণমাধ্যমের শিক্ষক , সরকারী প্রতিনিধি এবং বিশেষজ্ঞদেরকে এক মঞ্চে নিয়ে আসা হয়েছে । সম্মেলনে আই আই এম সির উপাচার্য তথা সঞ্চালক প্রধান ডঃ প্রজ্ঞা পাড়িয়াল গৌড় অংশগ্রহণ করে বলেন যে উত্তর-পূর্বাঞ্চল সহ দেশের বিভিন্ন রাজ্যে ৫৫০ টি কম্যুনিটি রেডিও সেন্টার রয়েছে । লিঙ্গ সংবেদনশীল বিষয়ে সচেতনতামূলক বার্তা প্রচার করার ক্ষেত্রে এই কেন্দ্রগুলো বিশেষ ভূমিকা পালন করতে পারে বলে শ্রীমতি গৌড় মন্তব্য করেন ।

আসাম প্রকাশন পর্ষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে আয়োজিত আসাম গ্রন্থমেলা গতকাল শেষ হয়েছে । শিলচর পুলিশ প্যারেড গ্রাউন্ডে ১০ দিনব্যাপী আয়োজিত এই গ্রন্থমেলায় গতকাল বিকেলে সমাপ্তি অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.রাজীব মোহন পন্থ উপস্থিত ছিলেন । সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপাচার্য শ্রীপন্থ বলেন যে রাজ্য সরকার ২০২৫ বর্ষকে গ্রন্থ বর্ষ হিসেবে ঘোষণা করে গ্রন্থ-সংস্কৃতির প্রতিষ্ঠা করা এবং অধ্যয়নের সুস্থ পরিবেশ গড়ে তুলতে অভূতপূর্ব পদক্ষেপ গ্রহণ করেছে । জ্ঞান অর্জন ও প্রজ্ঞার সাধনা মানব সভ্যতার মূল ভিত বলে উল্লেখ করে উপাচার্য শ্রী পন্থ বলেন যে শিলচরে আসাম গ্রন্থমেলার আয়োজন করা বরাক উপত্যকাকে বৌদ্ধিক ক্ষেত্রে সমৃদ্ধ করা । সভায় বিশিষ্ট অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে লেখক গবেষক ড.অমলেন্দু ভট্টাচার্য বলেন যে গ্রন্থ পাঠের সংস্কৃতি হচ্ছে সুসভ্য

জাতির নিৰ্দেশন । জ্ঞানের আলোকে সমাজকে আলোকিত করার ক্ষেত্ৰে গ্রন্থ অধ্যয়নই উৎকৃষ্ট পন্থা বলেও ডক্টর ভট্টাচাৰ্য্য উল্লেখ করেন । আসাম প্ৰকাশন পৰিষদের সচিব প্ৰমোদ কলিতা সভায় স্বাগত বক্তব্য রাখেন ।

কেন্দ্ৰীয় সরকার ত্ৰিপুৱাৰ ৩০টি বিশেষ প্ৰান্তিক জনজাতি গোষ্ঠীৰ বসতি অঞ্চলগুলিৰ মধ্যে যোগাযোগ ব্যবস্থা আৰো উন্নত করার লক্ষ্য নিয়ে ৰাজ্যে ২৫টি সড়ক প্ৰকল্পেৰ জন্য ৬৯ কোটি টাকা মঞ্জুৰ করেছে । কেন্দ্ৰীয় গ্ৰামোন্নয়ন মন্ত্ৰকেৰ সূত্ৰ অনুসারে প্ৰধানমন্ত্ৰী জনজাতি আদিবাসী ন্যায মহা অভিযানেৰ সড়ক যোগাযোগ সুবিধাৰ আওতায় এই প্ৰকল্পেৰ মঞ্জুৰ করা হয়েছে । এই পদক্ষেপ ত্ৰিপুৱাৰ আৰ্থ-সামাজিক পৰিস্থিতি উন্নত করার পাশাপাশি ৰাজ্যটিৰ অৰ্থনৈতিক তথা ব্যবসা বাণিজ্যেৰ গতি ত্বৰান্বিত করবে বলে আশা করা হচ্ছে ।

শ্ৰীভূমি জেলা দুৰ্যোগ মোকাবিলা বিভাগেৰ উদ্যোগে শ্ৰীভূমি জেলাৰ পাথারকান্দি, নিলামবাজার, শ্ৰীভূমি সদৰ ও ৰামকৃষ্ণ নগৰ ৰাজস্ব চক্ৰে দুৰ্যোগ মোকাবিলাৰ উপৰ মহড়া অনুষ্ঠিত হচ্ছে । আজ ও আগামীকাল এই মহড়া বদৰপুৰ ৰাজস্ব চক্ৰেৰ শাহ বদৰ উদ্দিন উচ্চতৰ মাধ্যমিক বিদ্যালয়ে , আগামী ১৬, ১৭ ও ১৮ই ডিসেম্বৰ নিলামবাজার ৰাজস্ব চক্ৰেৰ গুনময়ী বালিকা উচ্চতৰ মাধ্যমিক বিদ্যালয়ে , আগামী ১৭ , ১৮ ও ১৯শে ডিসেম্বৰ শ্ৰীভূমি সদৰ ৰাজস্ব চক্ৰেৰ কেন্দ্ৰীয় বিদ্যালয়ে এবং ২২, ২৩ ও ২৪শে ডিসেম্বৰ ৰামকৃষ্ণনগৰ ৰাজস্ব চক্ৰেৰ ৰামকৃষ্ণ বিদ্যাপীঠ উচ্চতৰ মাধ্যমিক বিদ্যালয়ে মহড়া অনুষ্ঠিত হবে ।

হাইলাকান্দি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় নভেম্বর-ডিসেম্বর মাসের নীল কেরোসিন বরাদ্দ করা হয়েছে । খাদ্য সুরক্ষার কার্ড থাকা হিতাধিকারীদের মধ্যে এই কেরোসিন বন্টন করা হবে ।
